গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৮.২৪-২৭, তারিখ : ১৯/০১/২০২৫ খ্রিস্টাব্দ।

**বিষয় : চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম ও ২য় কিস্তির নগদ অর্থ আওতায় প্রকল্প তালিকা ও রেজুলেশন পুন:প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০১.২৫-০৯, তারিখ: ১৫/০১/২০২৫ খ্রিস্টাব্দ।
(খ) একার্যালয়ের স্মারক নং-৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৮.২৪-৬৬৫, তারিখ: ০৫/১২/২০২৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে বাস্তবায়নের জন্য গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম ও ২য় কিস্তিতে সাধারণ উন্নয়ন খাতে মানিকছড়ি উপজেলার অনুকূলে নগদ অর্থ খাতে=**৭৪,১৩,৭৭৪.১৭ (কথায়: চুয়াত্তর লক্ষ তের হাজার সাতশত চুয়াত্তর দশমিক এক সাত মাত্র) টাকা ও খাদ্যশস্য খাতে-৫৫.৪৩৯৭ (কথায়: পঞ্চান্ন দশমিক চার তিন নয় সাত মাত্র) মে: টন (গম)** উপ-বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়ন পরিপত্রের ২নং অনুচ্ছেদের খ ও গ অনুয়ায়ী উপজেলা কমিটির জন্য মোট বরাদ্দের ২০% খাদ্যশস্য/টাকা রিজার্ভ রাখিয়া অবশিষ্ট খাদ্যশস্য/টাকা ৫০% জনসংখ্যা এবং ৫০% আয়তনের ভিত্তিতে ০৪ টি ইউনিয়নের অনুকূলে জনশুমারী ২০২১ অনুযায়ী নিম্নরুপভাবে নিম্নলিখিত শর্তানুযায়ী ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ইউনিয়নওয়ারী বিভাজন (পরিসংখ্যান জনশুমারি'২০২১) এর তথ্যমতে

| ক্রম | ইউনিয়ন | জনসংখ্যা | আয়তন (একর) | ৫০% জনসংখ্যার হার | ৫০% আয়তনের হার | গড় আয়তন | উপ-বরাদ্দ (নগদ অর্থ) | উপ-বরাদ্দ (মে: টন (গম) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মানিকছড়ি | ২৮,৮৫৯ | ১০,৮০৮ | ৩৭.৪৭% | ২৬.০৩% | ৩১.৭৫% | ১৯,৭১,০০০/- | ১৪.০০০ মে: টন |
| ২ | বাটনাতলী | ১৫,১২৭ | ১১,৫২০ | ১৯.৬৪% | ২৭.৭৪% | ২৩.৬৯% | ১৪,৭১,০০০/- | ১০.৬০০ মে: টন |
| ৩ | যোগ্যাছোলা | ১৩,৪৫২ | ৮,৩২০ | ১৭.৪৬% | ২০.০৩% | ১৮.৭৫% | ১১,৬৫,০০০/- | ৮.৪০০ মে: টন |
| ৪ | তিনটহরী | ১৯,৫৮৯ | ১০,৮৮০ | ২৫.৪৩% | ২৬.২০% | ২৫.৮২% | ১৬,০২,০০০/- | ১১.৪০০ মে: টন |
| উপজেলা কমিটি কর্তৃক সরাসরি প্রকল্প গ্রহণ ( ২০%) | | | | | | | ১৫,৫২,৫৫৬.২৫ | ১১.০৩৯৭ মে: টন |
| মোট= | | ৭৭,০২৭ | ৪১,৫২৮ | ১০০.০০% | ১০০.০০% | ১০০.০০% | ৭৭,৬১,৫৫৬.২৫ | ৫৫.৪৩৯৭ মে: টন |

শর্তাবলী:

১. ২০২৪-২০২৫ অর্থবছরে নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দের বিপরীতে নির্দেশিকা অনুসরণ করে প্রকল্প গ্রহণ পূর্বক প্রকল্প আগামী ২১/০১/২০২৫ খ্রি: তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে;
২. **উল্লেখ্য যে, একার্যালয়ের সূত্রোক্ত "খ" স্মারক মূলে চাহিত প্রকল্প প্রস্তাবের বিপরীতে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন হতে ইতোপূর্বে প্রকল্প প্রস্তাব দাখিল করায় নতুন করে প্রকল্প দাখিলের প্রয়োজন নেই। যদি সংশোধনী থাকে এবং বরাদ্দের সামঞ্জস্যপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনসহ পুন: প্রকল্প প্রস্তাব প্রেরণ করা যাবে;**
৩. ২০২৪-২০২৫ অর্থবছরে ১ম ও ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্প, বাস্তবায়ন সময়সীমা আগামী ১৫/০৩/২০২৫ খ্রি: পর্যন্ত;
৪. এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচালিত সকল আর্থিক বিধান, কাবিখা/কাবিটা কর্মসূচির নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৫. চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/স্কীম গ্রহণ করা যাবে না;
৬. এক কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই কাবিখা/কাবিটা নির্দেশিকার ৪নং অনুচ্ছেদে যথাযথ ভাবে অনুসরন করতে হবে;
৭. প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
৮. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে সভাপতি করতে হবে;
৯. নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের ছাড়া রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
১০. জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারি সম্পদ রক্ষার্থে 'ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প গ্রহণ করা যাবে;
১১. পিআইসিতে অন্যান্য সদস্যের মধ্যে ইউপি সদস্য/মহিলা সদস্য ছাড়াও একজন স্কুল শিক্ষক (বেসরকারী)/মসজিদের ইমাম/সমাজকর্মী/ গণ্যমান্য ব্যক্তি থাকতে পারবেন;
১২. কাবিখা/কাবিটা প্রকল্পে ক্ষেত্রে সর্বনিম্ন-১,০০,০০০/- (এক লক্ষ মাত্র) টাকা বরাদ্দ করার বিধান সর্বক্ষেত্রে পালিত হইবে;
১৩. কাবিখা/কাবিটা প্রকল্পের ক্ষেত্রে এইচবিবি/ সলিং/ ছোটখাটো কালভার্ট ও গাইড ওয়াল নির্মাণ প্রকল্প নেওয়া যাবে।

১৯/০১/২৫

(তাহমিনা আফরোজ ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

চেয়ারম্যান /দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
মানিকছড়ি/বাটনাতলী/যোগ্যাছোলা/তিনটহরী ইউনিয়ন পরিষদ
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৭.২৪- তারিখ : /০১/২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপি: সদয় অবগতির জন্য।
১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। উপজেলা প্রশাসক, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। অফিস সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৭.২৪-২৮ তারিখ : ১৯/০১/২০২৫ খ্রিস্টাব্দ।

**বিষয় : চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম ও ২য় কিস্তির নগদ অর্থ আওতায় প্রকল্প তালিকা ও রেজুলেশন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০১.২৫-০৩, তারিখ: ১৫/০১/২০২৫ খ্রিস্টাব্দ।
(খ) একার্যালয়ের স্মারক নং-৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৭.২৪-৬৬৬, তারিখ: ০৫/১২/২০২৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে বাস্তবায়নের জন্য গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম ও ২য় কিস্তিতে সাধারণ উন্নয়ন খাতে মানিকছড়ি উপজেলার অনুকূলে নগদ অর্থ খাতে সর্বমোট=**৭৪,১৩,৭৭৪.১৭ (কথায়: চুয়াত্তর লক্ষ তের হাজার সাতশত চুয়াত্তর দশমিক এক সাত মাত্র)** টাকা উপ-বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়ন পরিপত্রের ২নং অনুচ্ছেদের খ ও গ অনুযায়ী উপজেলা কমিটির জন্য মোট বরাদ্দের ২০% খাদ্যশস্য/টাকা রিজার্ভ রাখিয়া অবশিষ্ট খাদ্যশস্য/টাকা ৫০% জনসংখ্যা এবং ৫০% আয়তনের ভিত্তিতে ০৪ টি ইউনিয়নের অনুকূলে জনশুমারী ২০২১ অনুযায়ী নিম্নরূপভাবে নিম্নলিখিত শর্তানুযায়ী ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা

ইউনিয়নওয়ারী বিভাজন (পরিসংখ্যান জনশুমারি'২০২১) এর তথ্যমতে

| ক্রম | ইউনিয়ন | জনসংখ্যা | আয়তন (একর) | ৫০% জনসংখ্যার হার | ৫০% আয়তনের হার | গড় আয়তন | উপ-বরাদ্দ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মানিকছড়ি | ২৮,৮৫৯ | ১০,৮০৮ | ৩৭.৪৭% | ২৬.০৩% | ৩১.৭৫% | ১৮,৮২,০০০/- |
| ২ | বাটনাতলী | ১৫,১২৭ | ১১,৫২০ | ১৯.৬৪% | ২৭.৭৪% | ২৩.৬৯% | ১৪,০৬,০০০/- |
| ৩ | যোগ্যাছোলা | ১৩,৪৫২ | ৮,৩২০ | ১৭.৪৬% | ২০.০৩% | ১৮.৭৫% | ১১,১২,০০০/- |
| ৪ | তিনটহরী | ১৯,৫৮৯ | ১০,৮৮০ | ২৫.৪৩% | ২৬.২০% | ২৫.৮২% | ১৫,৩১,০০০/- |
| উপজেলা কমিটির ২০% রিজার্ভ | | | | | | | ১৪,৮২,৭৭৪.১৭ |
| | মোট= | ৭৭,০২৭ | ৪১,৫২৮ | ১০০.০০% | ১০০.০০% | ১০০.০০% | ৭৪,১৩,৭৭৪.১৭ |

**শর্তাবলী:**

১. ২০২৪-২০২৫ অর্থবছরে নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দের বিপরীতে নির্দেশিকা অনুসরণ করে প্রকল্প গ্রহণ পূর্বক প্রকল্প আগামী ২১/০১/২০২৫ খ্রি: তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে;
২. **উল্লেখ্য যে, একার্যালয়ের সূত্রোক্ত "খ" স্মারক মূলে চাহিত প্রকল্প প্রস্তাবের বিপরীতে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন হতে ইতোপূর্বে প্রকল্প প্রস্তাব দাখিল করায় নতুন করে প্রকল্প দাখিলের প্রয়োজন নেই। যদি সংশোধনী থাকে এবং বরাদ্দের সামঞ্জস্যপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনসহ পুন: প্রকল্প প্রস্তাব প্রেরণ করা যাবে;**
৩. এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচালিত সকল আর্থিক বিধান, টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৪. চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/স্কীম গ্রহণ করা যাবে না;
৫. এক কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর নির্দেশিকার ৪নং অনুচ্ছেদে যথাযথ ভাবে অনুসরন করতে হবে;
৬. প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
৭. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে সভাপতি করতে হবে;
৮. নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের ছাড়া রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
৯. জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারি সম্পদ রক্ষার্থে 'ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প গ্রহণ করা যাবে;
১০. পিআইসিতে অন্যান্য সদস্যের মধ্যে ইউপি সদস্য/মহিলা সদস্য ছাড়াও একজন স্কুল শিক্ষক (বেসরকারী)/মসজিদের ইমাম/সমাজকর্মী/ গণ্যমান্য ব্যক্তি থাকতে পারবেন;
১১. টিআর প্রকল্পে ক্ষেত্রে সর্বনিম্ন ৫০,০০০/- ও সর্বোচ্চ ৩,০০,০০০/- টাকা বরাদ্দ করার বিধান সর্বক্ষেত্রে পালিত হইবে;
১২. টি.আর প্রকল্প দ্বারা মাটির রাস্তা নেওয়া যাবে না। শুধুমাত্র ধর্মীয় প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠান/জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মেরামত ও উন্নয়নের প্রকল্প নেওয়া যাবে।

১৯/০১/২৫
**(তাহমিনা আফরোজ ভূইয়া)**
উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

চেয়ারম্যান /দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
মানিকছড়ি/বাটনাতলী/যোগ্যাছোলা/তিনটহরী ইউনিয়ন পরিষদ
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৭.২৪- তারিখ : /০১/২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপি: সদয় অবগতির জন্য।
১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। উপজেলা প্রশাসক, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। অফিস সংরক্ষণ নথি।